

# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 16 April, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ফিশারিজ গ্র্যাজুয়েটদের নিয়ে ব্র্যাক ফিশারিজের ক্যারিয়ার গ্রুপিং সেশন অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (১৬ এপ্রিল) বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল অনুষদ গ্যালারিতে ব্র্যাক ফিশারিজ আয়োজিত এ ক্যারিয়ার গ্রুপিং সেশন অনুষ্ঠিত হয়। ফিশারিজ গ্র্যাজুয়েটদের নিয়ে আয়োজিত এ সেশনে অংশগ্রহণকারীদের করপোরেট জগতে প্রবেশের পূর্বপ্রস্তুতি ও দিকনির্দেশনা প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর সালেহু হাসান নকীব। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর মোহাম্মদ মাদ্দীন উদ্দীন, উপ-উপাচার্য (শিক্ষা) প্রফেসর মো. ফরিদ উদ্দীন খান এবং জনসংযোগ দপ্তরের প্রশাসক প্রফেসর মো. আখতার হোসেন মজুমদার। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ফিশারিজ অনুষদের অধিকর্তা প্রফেসর মো. মোস্তাফিজুর রহমান মন্ডল।

এছাড়াও উপস্থিত ছিলেন ব্র্যাক ফিশারিজের জেনারেল ম্যানেজার মো. মোশাররফ হোসেন, ব্র্যাক মানবসম্পদ বিভাগের ডেপুটি জেনারেল ম্যানেজার সৈয়দ সায়েদ ইবনে রাশেদ, রাবির ফিশারিজ বিভাগের শিক্ষকবৃন্দ এবং ফিশারিজ গ্র্যাজুয়েটরা।

সেশনে রাবি উপাচার্য সালেহু হাসান নকীব বলেন, “মৎস্য খাতে ব্র্যাক ফিশারিজের অনন্য অবদান সুবিদিত। রাবির শিক্ষার্থীরা যদি এই সেক্টরে নিজেদের মেধা ও দক্ষতা কাজে লাগাতে পারে, তবে দেশীয় অর্থনীতিতে আরও ইতিবাচক পরিবর্তন আসবে।”

তিনি ব্র্যাক ফিশারিজের এই উদ্যোগকে স্বাগত জানান এবং ভবিষ্যতেও রাবি গ্র্যাজুয়েটদের জন্য এ রকম সুযোগ অব্যাহত রাখার আহ্বান জানান।

রাজশাহী বিশ্ববিদ্যালয় উপাচার্য

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 11 June, 2025 00:05

URL: <https://timestodaybd.com/public/campus/939974081>